দৈনিক ইনকিলাব

28 SEP 2007

# শিক্ষাখাতে ২৭১ মিলিয়ন ডলার ব্যয়ের অঙ্গীকার করেছে ব্র্যাক

**প্রেস বিজ্ঞপ্তি :** ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন ফজলে হাসান আবেদ অঙ্গীকার করেছেন যে, ব্র্যাক আগামী পাঁচ বছরে এশিয়া ও আফ্রিকার ৭৫ লাখ শিশু ও যুবককে শিক্ষার সুযোগ দিতে ২৭১ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করবে। নিউইয়র্কে তিনদিনব্যাপী ক্লিনটন গ্লোবাল ইনিশিয়েটিভের বার্ষিক সভার প্রথম দিনে গত বুধবার তিনি এই অঙ্গীকার ব্যক্ত করেন। বিশ্বের গুরুত্বপূর্ণ সমস্যাগুলোর সমাধানের লক্ষ্যে নেতৃবৃন্দ এই সভায় সমবেত হয়েছেন। বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন, দ্য নভো ফাউন্ডেশন ও ব্র্যাক ইউএসএ'র সঙ্গে একযোগে ব্র্যাক বাংলাদেশ, আফগানিস্তান, তাঞ্জানিয়া, উগান্ডা এবং দক্ষিণ সুদানের দরিদ্র শিশু বিশেষত মেয়ে শিশুদের উদ্ভাবনামূলক শিক্ষার অব্যাহত সুযোগ দানের লক্ষ্যে সম্পদ আহরণের জন্য কাজ করছে। আশা করা হচ্ছে, এই কর্মসূচীর মাধ্যমে উন্নয়নশীল দেশগুলোতে প্রাক-প্রাথমিক বিদ্যালয়, উপ-আনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৭.৫ মিলিয়ন শিক্ষার্থীর কাছে শিক্ষার সুযোগ পৌঁছে দেয়া যাবে। সেই সঙ্গে এসব দেশের চাহিদা অনুযায়ী এই কর্মসূচীতে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ, আন্ডার গ্র্যাজুয়েট এবং উচ্চতর ডিগ্রী লাভের সুযোগ থাকবে। ব্র্যাক এই কর্মসূচীর জন্য ২০০৮ সালের মধ্যে ৫১.৮ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করবে। ২০১২ সালের মধ্যে এই ব্যয় ২৭১ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হবে। এই অর্থের মধ্যে বাংলাদেশে ২২১ মিলিয়ন, আফগানিস্তানে ২১ মিলিয়ন, উগান্ডায় ১২ মিলয়ন, দক্ষিণ সুদানে ১১ মিলিয়ন এবং তাঞ্জানিয়ায় ৬ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করা হবে।